لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى يَتَقَارَبَ الزَّمَانُ

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত , তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : «لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى يَتَقَارَبَ الزَّمَانُ، فَتَكُونَ السَّنَةُ كَالشَّهْرِ، وَيَكُونَ الشَّهْرُ كَالْجُمُعَةِ، وَتَكُونَ الْجُمُعَةُ كَالْيَوْمِ، وَيَكُونَ الْيَوْمُ كَالسَّاعَةِ، وَتَكُونَ السَّاعَةُ كَاحْتِرَاقِ السَّعَفَةِ الْخُوصَةُ». ‘‘সময় ছোট (কাছাকাছি) হয়ে যাওয়ার পূর্বে কিয়ামত সংঘটিত হবেনা। অতএব , এক বছরকে একমাসের সমান মনে হবে। এক মাসকে এক সপ্তাহের সমান মনে হবে। এক সপ্তাহকে একদিনের মতো মনে হবে এবং এক দিনকে এক ঘন্টার সমান মনে হবে। আর ঘন্টাকে খেজুর গাছের পাতা আগুনে পোড়ানোর মতো দ্রুত মনে হবে। ”

[সহীহ] [এটি আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে সংবাদ দিয়েছেন যে , সময় কাছাকাছি হয়ে যাওয়া কিয়ামতের আলামত। অর্থাৎ এক বছর অতিবাহিত হওয়া, একমাস অতিবাহিত হওয়ার মত মনে হবে। আর এক মাস অতিবাহিত হওয়া, একসপ্তাহ অতিবাহিত হওয়ার মত মনে হবে। এক সপ্তাহ অতিবাহিত হলে মনে হবে একদিনের মতো। এক দিন অতিবাহিত হলে মনে হবে একদিন অতিবাহিত হলো। আর ঘন্টাকে খেজুর গাছের পাতা আগুনে পোড়ালে যেভাবে দ্রুত পুড়ে যায় , তেমন মনে হবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65027